

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শৃঙ্খলা বিষয়ক শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.৭০.২০২৩. ২৫৭

তারিখ: ৩০ ডিসেম্বর ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২৪ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: নাছির উদ্দিন (ইনডেক্স নং-৩০৮৯৯৮২), প্রভাষক (পদার্থবিজ্ঞান), বাঞ্ছারামপুর সরকারি কলেজ, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া কর্মকালীন ২০২০ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা কেন্দ্রের পরীক্ষা পরিচালনা কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালনকালে ব্যবস্থাপনার ৬ষ্ঠ পত্রের ৩ (তিন) টি প্যাকেট ১২ অক্টোবর ২০২২ তারিখে সংশোধিত রুটিনের পরিবর্তে পূর্বের রুটিন অনুযায়ী বাঞ্ছারামপুর থানার মালখানা থেকে গ্রহণ করে বাঞ্ছারামপুর সরকারি কলেজ পরীক্ষা কেন্দ্রে নিয়ে যাওয়া ও ০১ (এক) টি প্যাকেট খোলার প্রেক্ষিতে কর্তব্যে অবহেলা এবং সরকারি নির্দেশনা প্রতিপালনে চরম উদাসীনতা প্রদর্শন করার অভিযোগ অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ব্রাহ্মণবাড়িয়া এর তদন্তে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;


যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করায় গত ০৬/০৩/২০২৪ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তাঁর দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি ও সার্বিক পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি দন্ড পাওয়ার যোগ্য।

সেহেতু, জনাব মো: নাছির উদ্দিন (ইনডেক্স নং-৩০৮৯৯৮২), প্রভাষক (পদার্থবিজ্ঞান), বাঞ্ছারামপুর সরকারি কলেজ, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২)(ক) বিধি মোতাবেক তাঁকে “তিরস্কার” সূচক লঘুদন্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(সোলেমান রক্ষা)
সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.৭০.২০২৩. ২৫৭/৩(৭)

তারিখ: ৩০ ডিসেম্বর ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মো: নাছির উদ্দিন এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। অধ্যক্ষ, বাঞ্ছারামপুর সরকারি কলেজ, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।
- ৩। উপসচিব (সরকারি কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
- ৭। জনাব মো: নাছির উদ্দিন (ইনডেক্স নং-৩০৮৯৯৮২), প্রভাষক (পদার্থবিজ্ঞান), বাঞ্ছারামপুর সরকারি কলেজ, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।


(মো: শাহীনুর ইসলাম)
উপসচিব